দীনের বিভিন্ন বিষয়ে
বুখারী ও মুসলিম কর্তৃক বর্ণিত
অতি গুরুত্বপূর্ণ
একশ হাদীস
অনুবাদক ঃ
মুহাম্মাদ ইব্‌রাহীম আল-মাদানী
সম্পাদক ঃ
শাইখ আনীসুর রহমান

দীনের বিভিন্ন বিষয়ে
বুখারী ও মুসলিম কর্তৃক বর্ণিত
অতি গুরুত্বপূর্ণ

সংকলনে ঃ
যুলফী ইসলামিক সেন্টার সু'উদী আরব

অনুবাদক ঃ
মুহাম্মাদ ইব্‌রাহীম আল-মাদানী

সম্পাদক ঃ
শাইখ আনীসুর রহমান

প্রকাশনায়
তাওহীদ পাবলিকেশন্স
ঢাকা-বাংলাদেশ

দীনের বিভিন্ন বিষয়ে বুখারী ও মুসলিম কর্তৃক বর্ণিত অতি গুরুত্বপূর্ণ একশ হাদীস।

অনুবাদ ঃ

মুহাম্মাদ ইব্‌রাহীম আল-মাদানী

দাঈ ধর্ম মন্ত্রণালয় সু'উদী আরব, দক্ষিণ কোরিয়া।

সম্পাদনা ঃ

শাইখ আনীসুর রহমান

দাঈ ধর্ম মন্ত্রণালয় সু'উদী আরব, বাংলাদেশ

দ্বিতীয় প্রকাশ : সেপ্টেম্বর ২০১১ ঈসায়ী

প্রকাশনায় :

তাওহীদ পাবলিকেশন্স

৯০, হাজী আবদুল্লাহ্ সরকার লেন, বংশাল, ঢাকা−১১০০

ফোন : 7112762, 01190-368272, 01711-646396, 01919-646396

ওয়েব : www.tawheedpublications.com

ইমেল : tawheedpp(@)gmail.com

প্রচ্ছদ : আল-মাসরুর

মূল্য : ৩০ (ত্রিশ) টাকা মাত্র

ISBN : 978-984-8766-79-5

মুদ্রণ :

হেরা প্রিন্টার্স, হেমেন্দ্র দাস লেন, ঢাকা

(١) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((كَلِمَتَانِ خَفِيْفَتَانِ عَلَى اللِّسان، ثَقِيْلَتَانِ فِيْ الْمِيْزَانِ، حَبِيْبَتَانِ إِلَى الرَّحْمٰنِ : سُبْحَانَ اللهِ وَ بِحَمْدِهِ ، سُبْحَانَ اللهِ الْعَظِيْمِ)) [متفق عليه]

১। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : দু'টি কালিমাহ-বাক্য যা মুখে উচ্চারণে হালকা-সহজ, নেকীর পাল্লায় ভারী ও অসীম করুণাময়-আল্লাহর নিকটে প্রিয়, ঐ কালিমাহ দু'টি হলো : সুবহানাল্লাহি ওয়াবিহামদিহি, সুবহানাল্লাহিল আযীম। [বুখারী ও মুসলিম]

(٢) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ الله عَنْهُ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُوْلِ الله صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ ، فَقَالَ يَا رَسُوْلَ اللهِ! مَنْ أَحَقُّ النَّاسِ بِحُسْنِ صَحَابَتِيْ؟ قَالَ : ((أُمُّكَ)) قَالَ: ثُمَّ مَنْ؟ قَالَ: ((أُمُّكَ)) قَالَ: ثَمَّ مَنْ؟ قَالَ: ((أُمُّكَ)) قَالَ: ثُمَّ مَنْ ؟ قَالَ : ((أَبُوْكَ)) [متفق عليه]

২। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন ঃ এক ব্যক্তি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট এসে জিজ্ঞাসা করল ঃ মানুষের মধ্যে কে আমার সৎ ব্যবহার পাওয়ার বেশী অধিকারী ? রাসূল বললেন ঃ তোমার মা। সে বল্‌ল : তারপর কে ? রাসূল বললেন ঃ তোমার মা। সে বল্‌ল ঃ তারপর কে ? রাসূল বললেন ঃ তোমার মা। সে বল্‌ল ঃ তারপর কে ? রাসূল বললেন : তোমার বাবা। [বুখারী ও মুসলিম]

(٣) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((إِيَّاكَ وَالظَّنَّ، فَإِنَّ الظَّنَّ أَكْذَبُ الْحَدِيْثِ)) [متفق عليه]

৩। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : তোমরা ধারণা করা হতে বেঁচে থাকো। কারণ ধারণা করা সর্বাপেক্ষা মিথ্যা কথা। [বুখারী ও মুসলিম]

(٤) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((إِنَّ الْعَبْدَ لَيَتَكَلَّمُ بِالْكَلِمَةِ مَا يَتَبَيَّنُ فِيْهَا، يَزِلُّ بِهَا فِيْ النَّارِ أَبْعَدَ مَا بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ)) [متفق عليه]

৪। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : নিশ্চয় ব্যক্তি এমন শব্দের দ্বারা কথাবার্তা বলে যাতে সে ভাল-মন্দের যাচাই-বাছাই করে না, শেষে এর বিনিময় সে জাহান্নামে পিছলে পড়ে যায়, যার দূরত্ব পশ্চিম ও পূর্বের দূরত্বের ন্যায়। [বুখারী ও মুসলিম]

(٥) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((إِنَّ اللهَ يَغَارُ، وَغَيْرَةُ اللهِ أَنْ يَأْتِيَ الْمُؤْمِنُ مَا حَرَّمَ اللهُ)) [متفق عليه]

৫। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : নিশ্চয় আল্লাহ্ গাইরাত করেন-কোন জিনিসে অপরের শরীক হওয়াকে অপছন্দ করেন। আর আল্লাহর গাইরাত হলো : যে তিনি যা হারাম করেছেন তাতে মু'মিনের পতিত হওয়া। [বুখারী ও মুসলিম]

(٦) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَنْ قَامَ رَمَضَانَ إِيْمَاناً وَاحْتِسَاباً غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ)) [متفق عليه]

৬। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি ঈমানের সাথে ছাওয়াবের প্রত্যাশায় রামাযান মাসে কিয়াম-রাত্রির সালাত আদায় করবে সে ব্যক্তির অতিতের গোনাহ মাফ করে দেয়া হবে। [বুখারী ও মুসলিম]

(٧) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((اَلْعُمْرَةُ إِلَى الْعُمْرَةِ كَفَّارَةٌ لِمَا بَيْنَهُمَا، وَالْحَجُّ الْمَبْرُوْرُ لَيْسَ لَهُ جَزَاءٌ إِلَّا الْجَنَّةِ)) [متفق عليه]

৭। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : এক উম্‌রাহ হতে অপর উম্‌রাহ এ দু'য়ের মাঝে কৃত পাপের কাফ্‌ফারা। আর গৃহীত হাজ্জের একমাত্র প্রতিদান হল জান্নাত। [হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন]

(٨) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((التَّثَاؤُبُ مِنَ الشَّيْطَانِ فَإِذَا تَثَاؤَبَ أَحَدُكُمْ فَلْيَرُدَّهُ مَا اسْتَطَاعَ)) [متفق عليه]

৮। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : হাই দেয়া শয়তানের পক্ষ থেকে হয়। অতঃপর তোমাদের কারো হাই আসলে সে যেন তা সাধ্যানুপাতে প্রতিহত করে। [বুখারী ও মুসলিম]

(٩) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((اَلسَّاعِيْ عَلَى الْأَرْمِلَةِ وَالْمِسْكِيْنِ كَالْمُجَاهِدِ فِيْ سَبِيْلِ اللهِ، وَأَحْسِبُهُ قَالَ: وَكَالْقَائِمِ الَّذِيْ لَا يَفْتُرُ وَكَالصَّائِمِ الَّذِيْ لَا يَفْطُرُ)) [متفق عليه]

৯। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাঃ) বলেছেন : বিধবা ও দরিদ্রদেরকে দেখা শুনাকারী ও তাদের জন্য প্রচেষ্টা কারী আল্লাহ্র রাস্তায় জিহাদকারীর ন্যায়। বর্ণনাকারী বলেন : আমি তাঁকে ধারণা করলাম যে তিনি বলেছেন : সারারাত নিরলস সালাত আদায়কারী ও একাধারে সিয়াম সাধনকারীর ন্যায়। [বুখারী ও মুসলিম]

(١٠) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَا يُصِيْبُ الْمُسْلِمَ مِنْ نَصَبٍ وَلَا وَصَبٍ وَلَا هَمٍّ وَلَا حُزْنٍ وَلَا أَذًى وَلَا غَمٍّ حَتَّى الشَّوْكَةُ يُشَاكُهَا إِلَّا كَفَّرَ اللهُ بِهَا مِنْ خَطَايَاهُ)) [متفق عليه]

১০। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাঃ) বলেছেন : কাঁটা বিদ্ধ হওয়া সহ যে কোন দুঃখ-কষ্ট, চিন্তা-ভাবনা, অসুস্থ্যতা, অশান্তি একজন মুসলিমের জীবনে ছৌঁছলে, আল্লাহ্ এর বিনিময় তার পাপকে মিটিয়ে দিবেন।

[বুখারী ও মুসলিম]

(١١) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ خَمْسٌ: رَدُّ السَّلَامِ،

وَعِيَـادَةُ الْمَـرِيْضِ، وَاتِّبَـاعُ الْجَنَـائِزِ، وَإِجَابَـةُ الدَّعْـوَةِ، وَتَـشْمِيْتُ الْعَاطِسِ.)) [متفق عليه]

১১। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : এক মুসলিমের উপর অপর মুসলিমের পাঁচটি হক্ব- অধিকার রয়েছে : ১- সালামের উত্তর দেয়া,

২- অসুস্থ ব্যক্তিকে দেখতে যাওয়া, ৩- জানাযার সালাতে অংশগ্রহন করা,

৪- দা'ওয়াত গ্রহন করা, ৫- হাঁচি দিয়ে আল হামদু লিল্লাহি বলা ব্যক্তির জাওয়াব- উত্তর দেয়া। [বুখারী ও মুসলিম]

(١٢) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَنْ شَهِدَ الْجَنَازَةَ حَتَّى يُصَلِّيَ عَلَيْهَا فَلَهُ قِـيْرَاطٌ، وَمَنْ شَهِدَهَا حَتَّى تُدْفَنَ فَلَهُ قِيْرَاطَانِ))، قِيْلَ: وَمَا الْقِيْرَاطَانِ؟ قَالَ: ((مِثْلُ الْجَبَلَيْنِ الْعَظِيْمَيْنِ)) [متفق عليه]

১২। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, তিনি বলেন : নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি জানাযায় উপস্থিত হয়ে সালাত আদায় করলো সে এক কীরাত নেকীর অধিকারী হলো, আর যে দাফন করা পর্যন্ত জানাযার সঙ্গে থাকলো সে দু' কীরাত নেকীর অধিকারী হলো। জিজ্ঞেস করা হলো : দু' কীরাত কি ? তিনি বললেন : দু'টি বিরাট পাহাড় সমপরিমাণ। [বুখারী ও মুসলিম]

(١٣) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَا عَابَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ طَعَاماً قَـطُّ،

إِنْ اشْتَهَاهُ أَكَلَهُ، وَإِنْ كَرِهَهُ تَرَكَهُ.)) [متفق عليه]

১৩। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : নাবী (ﷺ) কখনই কোন খাবারের দোষ বর্ণনা করেন নি। ভাল লাগলে খেতেন। খারাপ লাগলে ছেড়ে দিতেন।

[বুখারী ও মুসলিম]

(١٤) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَـلَّمَ قَـالَ: ((حُجِبَـتِ النَّـارُ بِالـشَّهَوَاتِ، وَحُجِبَـتِ الْجَنَّـةُ بِالْمَكَارِهِ)) [متفق عليه]

১৪। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : শাহাওয়াত তথা প্রবৃত্তি দ্বারা জাহান্নাম ঢাকা রয়েছে। আর মাকারিহ তথা কষ্ট দ্বারা জান্নাত ঢাকা রয়েছে। [বুখারী মুসলিম]

(١٥) عَنْ أَبِيْ هُرَيْـرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((إِذَا قُلْتَ لِصَاحِبِكَ يَوْمَ الْجُمُعَةِ أَنْصِتْ وَالْإِمَـامُ يَخْطُبُ، فَقَدْ لَغَوْتَ .)) [متفق عليه]

১৫। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : জুমু'আ দিবসে খুত্বা চলাকালীন তুমি তোমার সাথীকে যদি চুপ থাক বল, তাহলে তুমি অসার কাজে লিপ্ত হলে।

[বুখারী ও মুসলিম]

(١٦) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((لَوْ لَا أَنْ أَشُـقَّ عَلَى أُمَّـتِيْ لَأَمَـرْتُهُمْ بِالـسِّوَاكِ عِنْدَ كُلِّ صَلَاةٍ)) [متفق عليه]

১৬। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : আমি আমার উম্মাতের উপর কষ্ট মনে না করলে, তাদেরকে প্রত্যেক সালাতের সময় মিসওয়াক করার আদেশ দিতাম। [বুখারী ও মুসলিম]

(١٧) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((وَيْلٌ لِلْأَعْقَابِ مِنَ النَّارِ)) [متفق عليه]

১৭। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যারা অযূ করার সময় পায়ের গোড়ালী ভালভাবে ধৌত করে না, তাদের জন্য জাহান্নামের ওয়াইল নামক স্থান বরাদ্ধ রয়েছে। [বুখারী ও মুসলিম]

(١٨) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((أَمَا يَخْشَى الَّذِيْ يَرْفَعُ رَأْسَهُ قَبْلَ الْإِمَامِ أَنْ يُحَوِّلَ اللهُ رَأْسَهُ رَأْسَ حِمَارٍ)) [متفق عليه]

১৮। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি সালাতে ইমামের আগে মাথা উঠায় সে ব্যক্তি কি ভয় পায় না যে আল্লাহ তার মাথাকে গাধার মাথায় পরিণত করে দিবে ? [বুখারী ও মুসলিম]

(١٩) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَنْ غَدَا إِلَى الْمَسْجِدِ أَوْ رَاحَ، أَعَدَّ اللهُ لَهُ نُزُلاً فِيْ الْجَنَّةِ، كُلَّمَا غَدَا أَوْ رَاحَ)) [متفق عليه]

১৯। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

বলেছেন : যে ব্যক্তি সকালে অথবা সন্ধ্যায় মাসজিদে যাবে, সে ব্যক্তির জন্য আল্লাহ জান্নাতে মেহমান দারীর ব্যবস্থা করবেন। যতবার সকাল ও সন্ধ্যায় যাবে ততবারই।

[হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন]

(٢٠) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((آيَةُ الْمُنَافِقِ ثَلَاثٌ : إِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا وَعَدَ أَخْلَفَ، وَإِذَا اؤْتُمِنَ خَانَ.)) [متفق عليه]

২০। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : মুনাফিকের নিদর্শন তিনটি : ১- যখন কথা বলবে মিথ্যা বলবে, ২- যখন ওয়াদা দিবে ভঙ্গ করবে, ৩- যখন তার নিকট আমানত রাখা হবে তার খিয়ানত করবে।

[হাদীসটি ইমাম বুখারী ও মুসলিম বর্ণনা করেছেন]

(٢١) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((مَا أَسْفَلَ مِنَ الْكَعْبَـيْنِ مِـنَ الْإِزَارِ فِيْ النَّـارِ.)) [رواه البخاري]

২১। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : লুঙ্গির যতটুক পায়ের টাখনুর নিচে থাকবে ততটুক জাহান্নামে থাকবে। [হাদীসটি ইমাম বুখারী বর্ণনা করেছেন]

(٢٢) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَـالَ : ((اَلْمَلَائِكَـةُ تُـصَلِّيْ عَلَى أَحَـدِكُمْ مَـا دَامَ فِيْ مُصَلَّاهُ الَّذِيْ صَلَّى فِيْهِ مَا لَمْ يُحْدِثْ، تَقُوْلُ : اَللّٰهُـمَّ اغْفِـرْ لَهُ، اَللّٰهُـمَّ ارْحَمْهُ.)) [رواه البخاري]

২২। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : তোমাদের কেহ যতক্ষণ অযূ অবস্থায় নিজ সালাত আদায় স্থানে থাকে ততক্ষণ ফিরিশতারা তার জন্য ক্ষমা চায়। বলে : হে আল্লাহ তুমি তাকে ক্ষমা কর। হে আল্লাহ তুমি তার প্রতি দয়া কর। [হাদীসটি ইমাম বুখারী বর্ণনা করেছেন]

(٢٣) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((كُلُّ أُمَّتِيْ يَدْخُلُوْنَ الْجَنَّةَ إِلَّا مَنْ أَبَى،)) قَالُوْا : يَا رَسُوْلَ اللهِ! وَمَنْ أَبَى؟ قَالَ: ((مَنْ أَطَاعَنِيْ دَخَلَ الْجَنَّةَ، وَمَنْ عَصَانِيْ فَقَدْ أَبَى.)) [رواه البخاري]

২৩। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : অস্বীকারকারী ব্যতীত আমার উম্মাতের সকলেই জান্নাতে প্রবেশ করবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞাসা করলেন : হে আল্লাহর রাসূল! অস্বীকারকারী কে ? তিনি বললেন : যে ব্যক্তি আমার আনুগত্য করবে সে জান্নাতে যাবে। আর যে ব্যক্তি আমার বিরুধিতা করবে সে অস্বীকারকারী। [হাদীসটি ইমাম বুখারী বর্ণনা করেছেন]

(٢٤) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((إِذَا قَالَ الرَّجُلُ لِأَخِيْهِ يَا كَافِرُ، فَقَدْ بَاءَ بِهِ أَحَدُهُمَا)) [رواه البخاري]

২৪। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : কোন ব্যক্তি যখন তার অপর ভাইকে বলবে হে কাফির ! এর বিনিময়ে তার দিকে দু'টি বিধানের একটি বিধান প্রত্যাবর্তন

করবে। (অর্থাৎ যাকে কাফির বলেছে সে কাফির না হলে, যে কাফির বলেছে সে কাফির হবে)।[হাদীসটি ইমাম বুখারী বর্ণনা করেছেন]

(٢٥) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((للهُ أَشَدُّ فَرَحًا بِتَوْبَةِ أَحَـدِكُمْ مِـنْ أَحَـدِكُمْ بِضَالَّتِهِ، إِذَا وَجَدَهَا)) [رواه مسلم]

২৫। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : তোমাদের কেউ তার হারানো পশু পেয়ে যত খুশি হয়, আল্লাহ্ তার চেয়ে বেশি খুশি হন তোমাদের কারো তাওবা করাতে। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٢٦) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((لَا تَدْخُلُوْا الْجَنَّـةَ حَـتَّى تُـؤْمِنُوْا، وَلاَ تُـؤْمِنُوْا حَتَّى تَحَابُّوْا، أَوَلَا أَدُلُّكُمْ عَلَى شَيْءٍ إِذَا فَعَلْتُمُـوْهُ تَحَـابَبْتُمْ؟ أَفْـشُوْا السَّلَامَ بَيْنَكُمْ،)) [رواه مسلم]

২৬। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : তোমরা জান্নাতে প্রবেশ করতে পারবে না যতক্ষণ পর্যন্ত ঈমান না আনবে। আর তোমরা ঈমান আনতে পারবে না যতক্ষণ পর্যন্ত পরস্পরকে ভাল না বাসবে। আমি কি তোমাদেরকে এমন কাজ করার সন্ধান দিবো না, যা করলে তোমরা পরস্পরকে ভালবাসতে পারবে ? (আর তা হলো :) তোমরা তোমাদের মাঝে একে অপরের উপরে সালাম দেয়ার প্রথা প্রচার ও প্রসার কর। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٢٧) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((الصَّلَوَاتُ الْخَمْسُ، وَالْجُمْعَةُ إِلَى الْجُمْعَةِ ، وَرَمَضَانُ إِلَى رَمَضَانَ مُكَفِّرَاتٌ مَا بَيْنَهُنَّ إِذَا اجْتُنِبَتِ الْكَبَائِرُ))

[رواه مسلم]

২৭। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : পাঁচ ওয়াক্ত সালাত, এক জুমু'আ হতে অপর জুমু'আ ও এক রামাযান হতে অপর রামাযান এর মধ্যবর্তী পাপের কাফ্ফারা হবে, যদি কাবীরাহ গোনাহ হতে বেঁচে থাকা যায়।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٢٨) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((أَفْضَلُ الصِّيَامِ بَعْدَ رَمَضَانَ شَهْرُ اللهِ الْمُحَرَّمُ وَأَفْضَلُ الصَّلَواةِ بَعْدَ الْفَرِيْضَةِ صَلَاةُ اللَّيْلِ)) [رواه مسلم]

২৮। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : রামাযান মাসের সিয়াম সাধনের পর আল্লাহর মাস মুহার্‌রামের সিয়াম সাধন অতি উত্তম সিয়াম , ফরজ সালাতের পর অতি উত্তম সালাত হলো রাতের সালাত (কিয়ামুল লাইলের সালাত- তাহাজ্‌জুদের সালাত)।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٢٩) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((مَنْ تَابَ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ مِنْ مَغْرِبِهَا تَابَ اللهُ عَلَيْهِ)) [رواه مسلم]

২৯। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : যে ব্যক্তি সূর্য পশ্চিম দিক হতে উদিত হওয়ার আগে তাওবা করবে, আল্লাহ তার তাওবা গ্রহণ করবেন।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٠) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((جُزُّوْا الشَّوَارِبَ، وَأَرْخُوْا اللِّحَى، خَالِفُوْا الْمَجُوْسَ)) [رواه مسلم]

৩০। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : তোমরা মোচ খাটো কর, দাড়ি বাড়াও, ও অগ্নিপুজকদের বিরুধিতা কর। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣١) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((لأَنْ أَقُوْلَ: سُبْحَانَ اللهِ، وَالْحَمْدُ لِلّٰهِ، وَ لَا إِلَهَ إِلَّا اللهُ، وَاللهُ أَكْبَرُ أَحَبَّ إِلَيَّ مِمَّا طَلَعَتْ عَلَيْهِ الشَّمْسُ)) [رواه مسلم]

৩১। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (ﷺ) বলেছেন : আমি সুবহানাল্লাহে ওয়াল হামদুলিল্লাহে ,ওয়া লা-ইলাহা ইল্লাল্লাহু, ওয়া আল্লাহু আকবার বলি, ইহা আমার নিকট দুনিয়া ও দুনিয়ার সকল জিনিসের চেয়ে অধিক উত্তম।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٢) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَنْ حَمَلَ عَلَيْنَا السِّلَاحَ فَلَيْسَ مِنَّا، وَمَنْ غَشَّنَا فَلَيْسَ مِنَّا)) [رواه مسلم]

৩২। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি আমাদের বিরুদ্ধে অস্ত্র উত্তোলন করলো, সে আমাদের দলভূক্ত নয়। আর যে ব্যক্তি আমাদের সাথে প্রতারণা করলো সেও আমাদের দলভূক্ত নয়।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٣) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((إِذَا مَاتَ الْإِنْسَانُ انْقَطَعَ عَنْهُ عَمَلُهُ إِلَّا مِنْ ثَلَاثٍ : إِلَّا مِنْ صَدَقَةٍ جَارِيَةٍ أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُوْ لَهُ أَوْ عِلْمٍ يُنْتَفَعُ بِهِ)) [رواه مسلم]

৩৩। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : মানুষ যখন মৃত্যু বরণ করে তখন তার তিনটি কাজের ছাওয়াব ব্যতীত সকল কাজের ছাওয়াব বন্ধ হয়ে যায়। ১- তার স্থায়ী দানের ছাওয়াব চালু থাকে। ২- নেক সন্তানের দু'আর ছাওয়াব চালু থাকে। ৩- তার রেখে যাওয়া উপকার অর্জনযোগ্য জ্ঞানের ছাওয়াব চালু থাকে। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٤) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((لَقِّنُوْا مَوْتَاكُمْ : لَا إِلَهَ إِلَّا اللهُ)) [رواه مسلم]

৩৪। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : তোমরা তোমাদের মৃত্যু উপস্থিত ব্যক্তিদেরকে (লা-ইলাহা ইল্লাল্লাহু)র তালকীন দাও।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٥) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((مَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّداً فَلْيَتَبَوَّأْ مَقْعَدَهُ مِنَ النَّارِ)) [رواه مسلم]

৩৫। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি ইচ্ছাকৃত ভাবে আমার উপর মিথ্যারোপ করলো, সে ব্যক্তি তার বাসস্থান জাহান্নামে বানিয়ে নিলো।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٦) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((مَنْ دَعَا إِلَى هُدًى، كَانَ لَهُ مِنَ الْأَجْرِ مِثْلُ أُجُوْرِ مَنْ تَبِعَهُ، لَا يَنْقُصُ ذَلِكَ مِنْ أُجُوْرِهِمْ شَيْئاً، وَمَنْ دَعَا إِلَى ضَلَالَةٍ كَانَ عَلَيْهِ مِنَ الْإِثْمِ مِثْلُ آثَامِ مَنْ تَبِعَهُ، لَا يَنْقُصُ ذَلِكَ مِنْ آثَامِهِمْ شَيْئاً))[رواه مسلم]

৩৬। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি (মানুষকে) সৎ পথে আহবান করবে, সে ব্যক্তি সৎ পথের অনুসরণকারীদের ছাওয়াবের সমান ছাওয়াবের অধিকারী হবে, ইহা তাদের ছাওয়াবের কোন কিছুকেই কমাবে না। আর যে ব্যক্তি মানুষকে পথভ্রষ্টতার দিকে আহবান করবে সে ব্যক্তি এর অনুসরণকারীদের পাপের সমান পাপের অধিকারী হবে, ইহা তাদের পাপের কোন কিছুকেই কমাবে না।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٧) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((قَالَ اللهُ تَبَارَكَ وَتَعَالَى : أَنَا أَغْنَى الشُّرَكَاءِ عَنِ الشِّرْكِ، مَنْ عَمِلَ عَمَلاً أَشْرَكَ فِيْهِ مَعِيَ غَيْرِيْ تَرَكْتُهُ وَشِرْكَهُ))

[رواه مسلم]

৩৭। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন: মহান ও বরকতময় আল্লাহ বলেছেন : আমি শির্ককারীদের শির্ক হতে মুক্ত, যে ব্যক্তি এমন কাজ করবে যে কাজে আমার সাথে অন্য শরীক করবে,আমি তাকে ও তার শির্ক করাকে বর্জন করবো। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٨) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ((مَنْ صَلَّى عَلَيَّ وَاحِدَةً صَلَّى اللهُ عَلَيْهِ بِهَا عَشْراً))

[رواه مسلم]

৩৮। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি আমার উপর একবার দরূদ পাঠ করবে আল্লাহ এর বিনিময় তার উপর দশটি রহমত বর্ষণ করবেন।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٣٩) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((كُلُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ حَرَامٌ دَمُهُ وَمَالُهُ وَعِرْضُهُ)) [رواه مسلم]

৩৯। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : প্রত্যেক মুসলিম অপর মুসলিমের উপর তার রক্ত, তার

মাল ও তার সম্মান, সম্মানিত। (অর্থাৎ তাকে খুন করা, তার মাল অন্যায়ভাবে খাওয়া ও তার সম্মানহানী করা হারাম।)
[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٠) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((مَا نَقَصَتْ صَدَقَةٌ مِنْ مَالٍ، وَمَـا زَادَ اللهُ عَبْـداً بِعَفْوٍ إِلَّا عِزّاً، وَمَا تَوَاضَعَ أَحَدٌ لِلّٰهِ إِلَّا رَفَعَهُ اللهُ)) [رواه مسلم]

৪০। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : আল্লাহর রাস্তায় দান করলে মাল কমে না। আর ক্ষমা দ্বারা আল্লাহ কেবল বান্দার মর্যাদা বাড়ান। যে ব্যক্তিই আল্লাহর জন্য নম্রতা-বিনয়তা প্রকাশ করবে, সে ব্যক্তিরই আল্লাহ মর্যাদা বাড়াবেন। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤١) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْـهُ، أَنَّ رَسُـوْلَ اللهِ صَـلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((أَ تَدْرُوْنَ مَا الْغِيْبَةُ))؟ قَالُوْا اللهُ وَرَسُـوْلُهُ أَعْلَـمُ، قَالَ : ((ذِكْرُكَ أَخَاكَ بِمَا يَكْرَهُ)) قِيْلَ : أَفَرَأَيْتَ إِنْ كَانَ فِيْ أَخِيْ مَـا أَقُوْلُ؟ قَالَ : ((إِنْ كَانَ فِيْهِ مَا تَقُوْلُ فَقَدِ اغْتَبْتَهُ، وَإِنْ لَمْ يَكُنْ فِيْـهِ فَقَدْ بَهَتَّهُ)) [رواه مسلم]

৪১। আবূ হুরাইরা (রাযিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : তোমরা কি জানো গীবত কি জিনিস ? তাঁরা (সাহাবায়ে কেরাম) বললেন : আল্লাহ ও তাঁর রাসূলই অধিক ভাল জানেন। তিনি বলেন : (তা হলো) তোমার ভাই যা অপছন্দ করে তার উল্লেখ্য করা। বলা হলো আপনার কি মত ? আমি যা বলি তা যদি আমার ভাইয়ের মাঝে থাকে ? তিনি বল্লেন : তুমি যা বলো তা

যদি তোমার ভাইয়ের মাঝে থাকে তবে তুমি তার গিবত করলে, আর তুমি যা বলো তা যদি তোমার ভাইয়ের মাঝে না থাকে, তবে তুমি তাকে অপবাদ দিলে। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٢) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((سَبَقَ الْمُفَرِّدُوْنَ)) قَالُوْا : وَمَا الْمُفَرِّدُوْنَ ؟يَا رَسُوْلَ اللهِ ! قَالَ : ((اَلذَّاكِرُوْنَ اللهَ كَثِيْراً وَالذَّاكِرَاتُ)) [رواه مسلم]

৪২। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : মুফার্‌রিদুনগণ অগ্রগামী হয়েগেছেন। তাঁরা (সাহাবায়ে কেরাম) বললেন : হে আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মুফার্‌রিদুনগণ কারা? তিনি বললেন : তারা হলেন আল্লাহকে অধিক স্মরণকারী ও স্মরণকারীনী। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٣) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((إِنَّ اللهَ لَا يَنْظُرُ إِلَى صُوَرِكُمْ وَأَمْوَالِكُمْ وَلَكِنْ يَنْظُرُ إِلَى قُلُوْبِكُمْ وَأَعْمَالِكُمْ)) [رواه مسلم]

৪৩। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : নিশ্চয় আল্লাহ তোমাদের আকৃতির ও তোমাদের মালের দিকে দেখবেন না। কিন্তু তিনি তোমাদের অন্তর ও কর্মের দিকে দেখবেন। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٤) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((لَا تَجْعَلُوْا بُيُوْتَكُمْ مَقَابِرَ، إِنَّ الشَّيْطَانَ يَنْفِرُ مِنَ الْبَيْتِ الَّذِيْ تُقْرَأُ فِيْهِ سُوْرَةُ الْبَقَرَةِ)) [رواه مسلم]

৪৪। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : তোমরা তোমাদের বাড়িকে কবরে পরিণত করিও না। কারণ শয়তান সে বাড়ী হতে পালায়ন করে যে বাড়িতে সূরা বাক্বারা পড়া হয়। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٥) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((لَا يَدْخُلُ الْجَنَّةَ مَنْ لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ))

[رواه مسلم]

৪৫। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করতে পারবেনা, যার প্রতিবেশী তার অনিষ্ঠ হতে নিরাপদ নয়।

[হাদীসটি ইমাম বুখারী বর্ণনা করেছেন]

(٤٦) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((أَقْرَبُ مَا يَكُوْنُ الْعَبْدُ مِن رَّبِّهِ وَهُوَ سَاجِدٌ ، فَأَكْثِرُوْا فِيْهِ الدُّعَاءَ)) [رواه مسلم]

৪৬। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : সিজদারত অবস্থায় বান্দা তার রবের খুব নিকটবর্তী হয়। অতঃএব তোমরা তথায় বেশি বেশি দু'আ কর।

[হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٧) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((مَنْ سَلَكَ طَرِيْقًا يَلْتَمِسُ فِيْهِ عِلْمًا، سَهَّلَ اللهُ لَهُ بِهِ طَرِيْقًا إِلَى الْجَنَّةِ،)) [رواه مسلم]

৪৭। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : যে ব্যক্তি ইলম - জ্ঞান অর্জনের জন্য রাস্তায় চলবে, আল্লাহ তার জন্য এর বিনিময়ে জান্নাতে যাওয়ার রাস্তাকে সহজ করে দিবেন। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٨) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((إِنَّ اللهَ يَقُوْلُ يَوْمَ الْقِيَامَةِ: أَيْنَ الْمُتَحَابُّوْنَ فِيْ جَلاَلِيْ، اَلْيَوْمَ أُظِلُّهُمْ فِيْ ظِلِّيْ يَوْمَ لاَ ظِلَّ إِلاَّ ظِلِّيْ.)) [رواه مسلم]

৪৮। আবু হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : আল্লাহ কিয়ামতের দিন বলবেন, যারা আমার জন্যে একে অপরকে ভালবেসে ছিল, তারা কোথায় ? যে দিন আমার ছায়া ছাড়া আর কোন ছায়া থাকবে সে দিন আমি তাদেরকে আমার ছায়ায় ছায়া দিবো। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٤٩) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : ((إِذَا أُقِيْمَتِ الصَّلاَةُ، فَلاَ صَلاَةَ إِلاَّ الْمَكْتُوْبَةُ.)) [رواه مسلم]

৪৯। আবূ হুরাইরা (রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, নিশ্চয় রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন : সালাতের জন্য একামাত হয়ে গেলে, ঐ সময়ের ফরজ সালাত ব্যতীত অন্য কোন সালাত আদায় করা ঠিক নয়। [হাদীসটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন]

(٥٠) عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : ((اَلدُّنْيَا سِجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ)) [رواه مسلم]

